

ঢাকা ওয়াসা

- (১) এস ও বিভাগের ২০২৬-২০২৭ অর্থ-বছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) এস ও বিভাগের ২০২৬-২০২৭ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) প্রাক্কলন।

বিষয়ঃ Replacing of wheel of mobile chlorine room under SOC division, Dhaka WASA (A) কাজ প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৪১ টি পানির পাম্প রয়েছে। এই সব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এজন্য পানিতে ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। ক্লোরিনেশন কার্যক্রম চালু রাখার জন্য প্রতিটি গভীর নলকূপ কম্পাউন্ডে একটি করে ক্লোরিন রুম বিদ্যমান থাকে বা থাকতে হয়। বিভিন্ন সময়ে পাম্প রি-বোরিং, রি-জেনারেশন ইত্যাদি কাজের জন্য বিদ্যমান ক্লোরিন রুমগুলি ভেঙে ফেলার প্রয়োজন হয়। যাহা প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে তৈরি করা হয়। বর্তমানে ব্যবহৃত RCC ক্লোরিন রুমগুলি তৈরি, ভাঙা এবং পুনঃ নির্মাণ কাজ বেশ ব্যয়বহুল ও সময়সাপেক্ষ। সেই অবস্থার প্রেক্ষিতে অত্র বিভাগ হতে মোবাইল ক্লোরিন রুম তৈরী এবং ব্যবহার করা হচ্ছে। ০৪টি করে ঢাকা লাগানো হওয়ায় এসকল মোবাইল ক্লোরিন রুমগুলি সহজেই পরিবহন ও স্থাপন যোগ্য। কিন্তু বর্তমানে অত্র বিভাগে বিদ্যমান মোবাইল ক্লোরিন রুমগুলি দীর্দিনের ব্যবহারের কারণে কয়েকটি ঢাকা ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রয়োজনীয় সময়ে স্থানান্তর করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। কয়েকটি ঢাকা পরিবর্তন করা হলে মোবাইল ক্লোরিন রুমগুলি পুনরায় সাবলীল ভাবে ব্যবহার উপযোগী হবে। এতদবিষয়ে পূর্বানুমোদিত দরের উপর ভিত্তি করে মোবাইল ক্লোরিন রুমের ঢাকা পরিবর্তন করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-০৪)। যাতে ঢাকার অংক এসেছে টাঃ ৪৮,৮০০/= (আটচল্লিশ হাজার আটশত) টাকা মাত্র (ক্রঃ নং-০৪)।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২০২৭ অর্থ-বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় “খুচরা যন্ত্রাংশ ক্রয় (অন্যান্য বিভাগ / দপ্তর)” কোড নং-০১-০৪-০২৪ খাত হতে (ক্রঃ নং-০১) এবং ২০২৬-২৭ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার S.L-60 এর Package No: LS-SP (খোক বরাদ্দ) (ক্রঃ নং-০২) হতে নির্বাহ করা হবে।

০৩। এমতাবস্থায়, বিভাগীয় কাজের স্বার্থে - Replacing of wheel of mobile chlorine room under SOC division, Dhaka WASA (A) কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪৮,৮০০/= (আটচল্লিশ হাজার আটশত) মাত্র ঢাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর ধারা ৯৯(১) (ড) মোতাবেক (DPM) পদ্ধতি হিসেবে ঠিকাদার M/S Meer Engineering এর সাথে সরাসরি চুক্তির ভিত্তিতে কাজটি সম্পাদন করার নিমিত্ত ঢাকা ওয়াসার প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

০৭/০৭/২৬
মোঃ হাসিব কবীর
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

০৭/০৭/২০২৬
মুহাম্মদ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৭/০৭/২৬
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৭/০৭/২৬
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

C.E

১৬-০৭-২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

৪৮ SMWC